

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

যুব ভবন

১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৪.২০১৭-

৩৮৬

তারিখঃ

২৩/০১/২০১৭

আদেশ

যেহেতু, জনাব মোঃ রশিদুল ইসলাম (বর্তমানে সাময়িক বরখাস্ত) অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, দৌলতপুর, কুষ্টিয়ায় (বদলীর আদেশাধীন ইটনা, কিশোরগঞ্জ) কর্মকালীন যুব ঋণের পরিবারভিত্তিক কর্মসূচির চলতি হিসাব নং ৮৭৫ হতে ২টি চেক এবং আত্মকর্মসংস্থান কর্মসূচির চলতি হিসাব নং ৫৬৬ ও ৬৮৪ হতে ২৪টি চেকসহ উভয় কর্মসূচির মোট ২৬টি চেক জালিয়াতির মাধ্যমে (উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার স্বাক্ষর জাল করে) অগ্রাধিকার, দৌলতপুর শাখা হতে মোট ১১,৯৪,০০০/- (এগার লক্ষ চুরানব্বই হাজার) টাকা উত্তোলন করে আত্মসাতের অভিযোগে অত্র দপ্তরের ০১-৩-২০১৭ খ্রিঃ তারিখের ৪৯ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

০২। যেহেতু, তিনি বিভাগীয় মামলায় লিখিতভাবে কোন জবাব দাখিল না করায় এবং ব্যক্তিগত সুনামী না চাওয়ায় তাকে সুনামী দেয়া সম্ভব হয়নি। তৎপ্রেক্ষিতে অভিযোগের সূচু ও ন্যায়ানুগ নিষ্পত্তির স্বার্থে অভিযোগের বিষয়ে বিভাগীয় তদন্ত করা হয়। বিভাগীয় তদন্তে অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় কেন তাকে চাকুরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে গত ২৭-৭-২০১৭ খ্রিঃ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়।

০৩। যেহেতু, বিভাগীয় তদন্তে তার বিরুদ্ধে ১১,৯৪,০০০/- টাকা আত্মসাত-এর অভিযোগ প্রমাণিত হয়েছে। দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাবে অভিযুক্ত কর্মচারী আত্মসাতকৃত টাকার মধ্যে ৬,৭০,৬৬০/- টাকা ব্যাংকে সরকারী খাতে জমা দিয়েছেন মর্মে উল্লেখ করে অবশিষ্ট ৫,২৩,৩৪০/- টাকা কিস্তিতে পরিশোধের অনুমতি চেয়েছেন এবং বিভাগীয় মামলা হতে অব্যাহতি চেয়েছেন।

০৪। যেহেতু, নথিপত্র পর্যালোচনায় দেখা যায় যে, ইতোপূর্বে একই জেলার কুমারখালী উপজেলায় কর্মকালীন চেক জালিয়াতির মাধ্যমে ৪,১৯,৮৫০/- টাকা যুব ঋণ তহবিল হতে উত্তোলন করে আত্মসাত এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু হয়েছিল এবং উক্ত মামলায় ২১-১০-২০১২ খ্রিঃ তারিখে তাকে পাঁচ বছরের জন্য বেতন ক্রলের নিষ্পাদনে বেতন অবনয়িতকরণ দণ্ড প্রদান করা হয়েছিল। অপর একটি বিভাগীয় মামলায় তাকে সার্ভিস চার্জের আত্মসাতকৃত ৭৩,১৭৬/- টাকা ডিসেম্বর/২০১৫ মাসের মধ্যে পরিশোধের নির্দেশ দিয়ে মামলা হতে অব্যাহতি দেয়া হলেও তিনি নির্দেশমতে উক্ত টাকা এখনও পরিশোধ করেননি। এতে প্রতীয়মান হয় যে, তিনি সরকারী টাকা আত্মসাত করাকে অনেকটা অভ্যাসে পরিণত করেছেন এবং ইতোপূর্বে তাকে সংশোধনের সুযোগ দেয়া হলেও তার মধ্যে ইতিবাচক কোন পরিবর্তন লক্ষিত হয়নি।

০৫। সেহেতু, সার্বিক প্রেক্ষাপটে অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ রশিদুল ইসলাম (সাময়িক বরখাস্ত) অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মতে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো এবং একই বিধিমালার ৪(৩)(সি) অনুসারে 'চাকুরি হতে অপসারণ' 'Removal from Service' দণ্ডে দণ্ডিত করা হলো। আত্মসাতকৃত অবশিষ্ট টাকা তার গ্রাচুটি হতে আদায়যোগ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন- ৯৫৫৯৩৮৯।

জনাব মোঃ রশিদুল ইসলাম
অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর
যুব উন্নয়ন অধিদপ্তর, দৌলতপুর, কুষ্টিয়া (বদলীর আদেশাধীন ইটনা, কিশোরগঞ্জ)।
স্থায়ী ঠিকানা

জনাব মোঃ রশিদুল ইসলাম

পিতা-মোঃ ইউছুপ আলী

গ্রাম- মাজখাম, ডাকঃ-শিলাইদহ, উপজেলা- কুমারখালী, জেলা- কুষ্টিয়া।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৪.২০১৭-

৩৮৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

তারিখঃ

২৩/০১/২০১৭

০১। পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কিশোরগঞ্জ/ কুষ্টিয়া।

০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশের কপিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।

০৪। সহকারী পরিচালক (প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ইটনা, কিশোরগঞ্জ/দৌলতপুর, কুষ্টিয়া।

০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ইটনা, কিশোরগঞ্জ/দৌলতপুর, কুষ্টিয়া।

০৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কুমারখালী, কুষ্টিয়া- প্রাপকের স্থায়ী ঠিকানায় পত্রটি বিলিপূর্বক প্রাপককে পাওয়া না গেলে প্রাপকের আত্মীয়স্বজনকে, গ্রহনকারীর নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা ও ন্যূনপক্ষে দুইজন স্বাক্ষর তারিখ উল্লেখপূর্বক নাম ঠিকানা সহ) সার্ভিস রিটার্ন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে নির্দেশ প্রদান করা হলো।

(মোঃ আতাউর রহমান)

সহকারী পরিচালক (শৃংখলা)

যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।